ক্যাটেগরি:	**স্কুল বিল্ডিংয়ে রাজনৈতিক কর্মকাণ্ড**	ইস্যুর তারিখ:	৬/২২/০৯
		নম্বর:	**D-130**
বিষয়:	রাজনৈতিক প্রচারণা এবং নির্বাচন বিষয়ে প্রার্থী, নির্বাচিত অফিসিয়াল এবং রাজনৈতিক সংগঠন কর্তৃক স্কুল বিল্ডিংসমূহের ব্যবহার, এবং স্কুল কর্মচারী এবং কর্মকর্তাদের আচরণ।	Page:	1 of 1

পরিবর্তনের সারাংশ

এই প্রবিধান ১৫ জানুয়ারি ২০০৪ তারিখে জারিকৃত চ্যান্সেলরের প্রবিধান A-130 কে হালনাগাদ কর এবং স্থলাভিষিক্ত হয়।

পরিবর্তনসমূহ:

এই প্রবিধান সংশোধিত হয়েছে:

- বর্তমান এনওয়াইসি ডিপার্টমেন্ট অব এডুকেশনের কাঠামোর প্রতিফলনের উদ্দেশ্যে।
- স্কুল চলাকালে পাবলিক অফিসের নির্বাচিত অফিসিয়াল এবং প্রার্থী কর্তৃক স্কুল পরিদর্শনের প্রক্রিয়ার ব্যাখ্যাদানের জন্য
- রাজনৈতিক অনুমোদনের উদ্দেশ্যে কীভাবে মেইলবক্স এবং বুলেটিন বোর্ড ব্যবহৃত হবে তার ব্যাখ্যা।
- স্কুল কর্মীগণ যখন ডিউটিতে অথবা শিক্ষার্থীদের সাথে থাকবে, তখন তারা যে কোন একজন প্রার্থী, প্রার্থীবৃন্দ, একদল প্রার্থী অথবা রাজনৈতিক সংগঠন/কমিটির প্রচারণার উদ্দেশ্যে কোন বাটন্, পিন, পোশাক বা অন্য কোন কিছু পরতে পারবে না তার ব্যাখ্যাদান।

সংক্ষিপ্তসার

এই প্রবিধান রাজনৈতিক প্রচারণা এবং নির্বাচন বিষয়ে প্রার্থী, নির্বাচিত অফিসিয়াল এবং রাজনৈতিক সংগঠন কর্তৃক স্কুল বিল্ডিংসমূহের ব্যবহার, এবং স্কুল কর্মচারী এবং কর্মকর্তাদের আচরণ পরিচালনা করে।

ভূমিকা

স্কুল বিল্ডিংগুলি কম্যুনিটি অথবা রাজনৈতিক প্রচারণার কাজে ব্যবহৃত সর্বসাধারণের স্থান নয়। নিচে বর্ণিত নিয়মসমূহ পরিচালনা করে: (1) নির্বাচিত অফিসিয়াল, নির্বাচনযোগ্য অফিসের প্রার্থী, অথবা এই ধরনের অফিসিয়াল বা প্রার্থী[1] যারা কোন সংগঠনের পক্ষে কাজ করছে তাদের দ্বারা স্কুল-সময়ে অথবা স্কুল-সময়ের বাইরে ডিপার্টমেন্ট অব এডুকেশনের স্কুল বিল্ডিংসমূহের ব্যবহার, বা সেগুলিতে প্রবেশ; (2) রাজনৈতিক উদ্দেশ্যে স্কুল কর্মচারী, স্কুল কর্মকর্তা, অথবা স্কুল সদস্য এবং অফিসিয়াল কর্তৃক স্কুলের বিভিন্ন সুবিধা, উপকরণ এবং সাপ্লাইজের ব্যবহার;[2] এবং (3) রাজনৈতিক প্রচারণা এবং নির্বাচনের জন্য স্কুল কর্মচারী, কর্মকর্তা, অথবা কর্মী সদস্য এবং অফিসিয়ালদের আচরণ।[3]

I. **স্কুল চলাকালে**

A. নির্বাচিত অফিসিয়াল এবং পাবলিক অফিসের প্রার্থীদের পরিদর্শন

নির্বাচিত অফিসিয়ালদের পরিদর্শন যার অন্তর্ভুক্ত কম্যুনিটি এবং সিটিওয়াইড কাউন্সিলসমূহের সদস্য – তাদের স্কুলচলাকালীন পরিদর্শন ঐসব নির্বাচিত নেতৃত্বকে সরাসরি এই গুরুত্বপূর্ণ পৌর কর্মটি পর্যালোচনার সুযোগ প্রদান করে: পাবলিক এডুকেশন কীভাবে প্রদান করা হয় সেটি দেখার। এছাড়া, নির্বাচনযোগ্য অফিস পদপ্রার্থীদের পরিদর্শনে একটি গুরুত্বপূর্ণ শিক্ষা-সংক্রান্ত কাজও হয় – তারা শিক্ষার্থীদের সেইসব ব্যক্তি এবং মতামতের সাথে পরিচিত করেন যেগুলি তাদের সজ্ঞাত এবং দায়িত্বশীল নাগরিক, যারা এখন ভোট প্রদান করছে অথবা কোন একদিন করবে, হিশেবে জানা উচিত। আমাদের শিক্ষার্থীদের শিক্ষা-সংক্রান্ত অভিজ্ঞতা বৃদ্ধি এবং যাতে এগুলি শুধু রাজনৈতিক বিষয় না হয় সেটি নিশ্চিত করতে, নিচের শর্তসমূহ অবশ্যই মানতে হবে:

1. অযৌক্তিকভাবে থামিয়ে না রেখে, স্কুল প্রিন্সিপ্যালের দ্রুত অনুমোদন সাপেক্ষে, কোন নির্বাচিত অফিসিয়াল তার অফিসিয়াল যোগ্যতায় একটি স্কুল পরিদর্শন করতে পারেন। এই ধরনের অনুরোধ গৃহীত হলে প্রিন্সিপ্যাল অবশ্যই সুপারিনটেনডেন্ট এবং নেটওয়ার্ক লিডারকে জানাবেন। এছাড়া, স্কুলগুলো অবশ্যই অনুরোধ জানাবে এবং চাইবে যাতে এসব পরিদর্শন ব্যক্তিগত রাজনৈতিক বাহন হিশেবে ব্যবহৃত না হয়।

2. স্কুল প্রিন্সিপ্যালের দ্রুত অনুমোদন সাপেক্ষে, নির্বাচন যোগ্য অফিসের প্রার্থী অথবা নির্বাচিত অফিসিয়াল যারা পুনর্নির্বাচিত হতে চান তারা স্কুল চলাকালে স্কুল পরিদর্শন করতে পরবেন। স্কুল পরিদর্শনের অনুরোধ, যখনই সম্ভব, লিখিতভাবে জানাতে হবে। এই ধরনের অনুরোধ গৃহীত হলে প্রিন্সিপ্যাল অবশ্যই সুপারিনটেনডেন্ট এবং নেটওয়ার্ক লিডারকে জানাবেন। এসব পরিদর্শন ইতিহাস, সমাজ পাঠ, পৌরনীতি ইত্যাদি বিষয়ের প্রাসঙ্গিক পাঠের সাথে সম্পৃক্ত হতে হবে এবং স্কুলের শিক্ষা-সংক্রান্ত লক্ষ্যকে এগিয়ে নিতে কাজ করবে। এছাড়া, শিক্ষার্থীরা যাতে যতটা সম্ভব তথ্য পায় সেবিষয়টি নিশ্চিত করতে এবং স্কুলগুলোকে যেন এমন দেখা না যায় যে কোন নির্দিষ্ট প্রার্থী

---

[1] এই প্রবিধানের জন্য, স্কুল বিল্ডিং শব্দ দুটি দিয়ে বোঝায় ডিপার্টমেন্ট অভ এডুকেশনের যেকোন বিল্ডিং অথবা লিস নেয়া যেকোন স্থান।

[2] এছাড়াও, এই প্রবিধানে উল্লিখিত শব্দসমূহ যেমন “কর্মকর্তা,” “কর্মচারী,” অথবা “কর্মী সদস্য” দিয়ে বোঝায় নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অভ এডুকেশনের সাথে চুক্তি (অথবা সাবকন্ট্রাক্টের) অধীনে কম্যুনিটি-ভিত্তিক সংগঠনের মাধ্যমে নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অব এডুকেশনের অথবা কম্যুনিটি স্কুল ডিস্ট্রিক্টের চুক্তিভিত্তিক পরিসেবা প্রদানকারী কর্মরত ব্যক্তিবর্গ।

[3] এই প্রবিধান শিক্ষার্থীদের রাজনৈতিক আচরণ অথবা কর্মকাণ্ডের জন্য প্রযোজ্য নয়।

অথবা মতামতকে তারা সমর্থন করছে সেই সম্ভাবনা পরিহার করতে, স্কুলের চেষ্টা থাকবে শিক্ষার্থীদেরকে সম্ভাব্য যৌক্তিকভাবে বিভিন্ন রাজনৈতিক মতামতের সাথে পরিচিতি করা। স্কুল সময়ে স্কুলের শিক্ষা পরিবেশকে বিঘ্নিত করে এমন কোন পরিদর্শন অনুমোদিত নয় অথবা অব্যাহত রাখা যাবে না।

3. উপরের অনুচ্ছেদ(সমূহ) I.A.2 সত্ত্বেও, নির্বাচিত অফিসিয়ালসহ পুনর্নির্বাচন চাইছে এমন কোন পাবলিক অফিসের প্রার্থী, উপরের সেকশন I.A.1-এ উল্লিখিত নিয়ম ব্যতিরেকে প্রাইমারি এবং/অথবা ইলেকশনের ৬০ দিন আগে ডিপার্টমেন্ট অভ এডুকেশনের কোন স্কুল বিল্ডিং পরিদর্শন করতে পারবে না।

4. অফিস অব কম্যুনিকেশন এবং মিডিয়া রিলেশনসকে যেকোন নির্বাচিত অফিসিয়াল অথবা নির্বাচনযোগ্য অফিসের প্রার্থীর পরিদর্শন সম্পর্কে অবশ্যই অগ্রিম জানাতে হবে।

B. স্কুলের বিভিন্ন স্থান, যন্ত্রপাতি এবং সরঞ্জাম ব্যবহার

এই প্রবিধানে যেভাবে বর্ণিত আছে সেটি ব্যতীত কোন প্রার্থী, প্রার্থীগণ, প্রার্থীদল, অথবা রাজনৈতিক সংগঠন/কমিটির পক্ষে স্কুলের স্থান, যন্ত্রপাতি এবং সরঞ্জাম ব্যবহৃত হবে না।

1. কোন ব্যক্তি, গ্রুপ, সংগঠন, কমিটি ইত্যাদির পক্ষে অথবা কোন নির্বাচিত অফিসিয়াল, প্রার্থী, প্রার্থীগণ, প্রার্থীদল অথবা রাজনৈতিক সংগঠন/কমিটির লাভের জন্য স্কুল চলাকালে/কর্ম সময়ে ডিপার্টমেন্ট অব এডুকেশনের স্কুল ব্যবহার নিষিদ্ধ।

2. কোন নির্বাচিত অফিসিয়াল, নির্দিষ্ট প্রার্থী, প্রার্থীগণ, প্রার্থীদল অথবা রাজনৈতিক সংগঠন/কমিটির পক্ষে অথবা তাদের লাভের জন্য কোন ধরনের র‍্যালি, সভা, প্রোগ্রাম ইত্যাদি স্কুল বিল্ডিংয়ে করা যাবে না।

3. নিচের সেকশন I.B.4 অনুযায়ী কোন প্রার্থী, প্রার্থীগণ, প্রার্থী দল অথবা রাজনৈতিক সংগঠন/কমিটির সমর্থনে যেকোন স্কুল বিল্ডিংয়ে কোন প্রচারপত্র বিলি, পোস্ট করা অথবা প্রদর্শন করা যাবে না:

4. স্কুল ও ডিস্ট্রিক্ট এবং সেন্ট্রাল হেডকোয়ার্টার অফিসসমূহের স্টাফ মেইলবক্স এবং ইউনিয়ন বুলিটিন বোর্ড শুধুমাত্র নিচের উল্লিখিত উদ্দেশ্যে ব্যবহৃত হবে: (1) শিক্ষা-সংক্রান্ত কাগজপত্র এবং অন্য স্কুল-বিষয়ক তথ্য প্রচারের জন্য স্কুল ও ডিস্ট্রিক্ট এবং সেন্ট্রাল অফিস তা করতে পারে; এবং (2) ইউনিয়ন সম্পর্কিত কাগজপত্র প্রচারের জন্য ইউনিয়ন তা ব্যবহার করতে পারে। এই লক্ষ্যে, ইউনিয়ন নিচে উল্লিখিত কাজসমূহ করতে পারে:

   a. স্টাফ মেইলবক্সে কোন প্রার্থী, প্রার্থীগণ, প্রার্থী দল অথবা রাজনৈতিক সংগঠন/কমিটির নির্বাচনের পক্ষে কাগজপত্র রাখতে পারে।

   b. শিক্ষার্থী সংলগ্ন এলাকায় অবস্থিত ইউনিয়ন বুলেটিন বোর্ডে কোন প্রার্থী, প্রার্থীগণ, প্রার্থী দল অথবা রাজনৈতিক সংগঠন/কমিটির নির্বাচনের সমর্থনে প্রচারপত্র পোস্ট করতে।

5. উপরের (a) এবং (b)সত্ত্বেও, কম্যুনিটি অথবা সিটিওয়াইড কাউন্সিল প্রার্থীদের অনুমোদন সম্বলিত কোন প্রচারপত্র স্টাফ মেইলবক্সে অথবা ইউনিয়ন বুলেটিন বোর্ডে পোস্ট করা যাবে না।

6. শিক্ষার্থীদের মাধ্যমে বিতরণকৃত প্যারেন্ট অ্যাসোসিয়েশনের বুলেটিনগুলোতে কোন প্রার্থী, প্রার্থীবৃন্দ, অথবা প্রার্থী দলের সমর্থনে কোন কিছু প্রচার করা যাবে না, এর অন্তর্ভুক্ত কম্যুনিটি অথবা সিটিওয়াইড কাউন্সিলের প্রার্থীগণ।

7. কোন অননুমোদিত প্রচারপত্র পোস্ট, বিতরণ অথবা প্রদর্শন না করার বিষয়টি নিশ্চিতকরণের দায়িত্ব প্রিন্সিপ্যালের।

৪. ডিপার্টমেন্ট অব এডুকেশনের কোন কপি, যোগাযোগ, ইলেক্ট্রনিক অথবা অন্য মেশিন কোন প্রার্থী, প্রার্থীবৃন্দ, প্রার্থী দল বা রাজনৈতিক সংগঠন/কমিটির পক্ষে কোন তথ্য ছাপা, কপি, রেকর্ড, অথবা বিতরণের কাজে ব্যবহার করা যাবে না।

C. অফিসার এবং কর্মচারীদের আচরণ

1. কর্মরত অথবা শিক্ষার্থীদের সাথে থাকাকালে, সকল স্কুল কর্মী সব প্রার্থীর ব্যাপারে সম্পূর্ণ নিরপেক্ষতা বজায় রাখবেন। যথানুযায়ী, স্কুল কর্মীগণ যখন ডিউটিতে অথবা শিক্ষার্থীদের সাথে থাকবে, তখন তারা যে কোন প্রার্থী, প্রার্থীবৃন্দ, প্রার্থী দল অথবা রাজনৈতিক সংগঠন/কমিটির প্রচারণার উদ্দেশ্যে কোন বাটন্, পিন, পোশাক বা অন্য কোন কিছু পরতে পারবে না।

2. কর্মীরা কাজের সময় কোন প্রার্থী, প্রার্থীবৃন্দ, প্রার্থী দল অথবা রাজনৈতিক সংগঠন/কমিটির পক্ষে কোন কর্মকাণ্ডের সাথেও সংশ্লিষ্ট হতে পারবে না, এর অন্তর্ভুক্ত অর্থসংগ্রহ।

3. ডিপার্টমেন্ট অব এডুকেশনের কাজের সময় যেকোন কর্মীর প্রচারণায় লিপ্ত থাকা কঠোরভাবে নিষিদ্ধ। এটি আবেদনের জন্য, আবেদন এবং ভোট চ্যালেঞ্জে স্বাক্ষর সংগ্রহ পর্যন্ত বিস্তারিত। স্কুল, স্কুল ডিস্ট্রিক্ট অথবা হেডকোয়ার্টার স্টাফ যারা ইউনিয়ন প্রতিনিধি তাদের ক্ষেত্রে ইলেকশনের ব্যাপারটি “ইউনিয়নের কাজ” বলে বিবেচিত হবে না।

a. যেসব ব্যক্তির চুক্তিভিত্তিক ব্যক্তিগত কাজের দিন রয়েছে তাদের জন্য প্রচারণা “ব্যক্তিগত কাজের” বিবেচিত হবে না। বার্ষিক ছুটিতে না থেকে, এই ধরনের কর্মকাণ্ডে অংশগ্রহণের জন্য যেসব স্কুল কর্মী ডিউটিতে অনুপস্থিত থাকে তাদের এই অনুপস্থিতি অননুমোদতি অনুপস্থিতি হিশেবে ধরা হবে এবং সে কারণে তাদের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থাও নেয়া হতে পারে।

b. কোন স্কুল কর্মী সদস্যের বোর্ড অব ইলেকশন্সের বেতনভুক্ত পদে পরিসেবাদানের জন্য ব্যক্তিগত কর্ম দিবস অথবা বার্ষিক ছুটির দিন হিশেবে ছুটি নেয়া যাবে না।

c. কম্যুনিটি অথবা সিটিওয়াইড কাউন্সিলের কোন সদস্য যা করতে পারবে না সেগুলি হলো (i) তার অফিসিয়াল পদের ব্যবহার অথবা প্রভাব খাটিয়ে ইলেকশনের ফলাফলে হস্তক্ষেপ অথবা তাকে প্রভাবিত করা; (ii) ডিপার্টমেন্ট অভ এডুকেশনের কোন কর্মচারীকে কোন পার্টি, কমিটি, সংগঠন, এজেন্সি, বা অন্য কোন ব্যক্তিকে রাজনৈতিক উদ্দেশ্যে, অথবা প্রচারণায় অংশগ্রহণের জন্য অর্থ প্রদান, ধার দিতে অথবা অন্য কোন মূল্যের জিনিস দিতে প্রত্যক্ষ অথবা পরোক্ষভাবে জোরপূর্বক, জোর করার চেষ্টা চালানো, অথবা নির্দেশ দান; (iii) সেকশন II-এ(আফটার স্কুল ব্যবহার)অনুমোদিত বিধি বিধান ব্যতীত কোন রাজনৈতিক/প্রচারণার কর্মকাণ্ডে যুক্ত হয়ে ডিপার্টমেন্ট অভ এডুকেশনের স্থান, যন্ত্রপাতি(এর মধ্যে আছে ফোন, ফ্যাক্স মেশিন, পোস্টেজ, অফিস সরঞ্জাম), কর্মী, লেটারহেড, অথবা ডিপার্টমেন্ট অভ এডুকেশনের অন্যান্য রিসোর্স ব্যবহার; (iv) কোন রাজনৈতিক/প্রচারণার কর্মকাণ্ডে সংশ্লিষ্টতার সুবিধা অর্জনের উদ্দেশ্যে তার ডিপার্টমেন্ট অভ এডুকেশনের পদ অথবা টাইটেল ব্যবহার; (v) সদস্য পরিসেবা প্রদান করছে এমন কম্যুনিটি স্কুল ডিস্ট্রিক্টের কম্যুনিটি সুপারিনটেনডেন্ট অথবা কাউন্সিল সেক্রেটারির কাছ থেকে রাজনৈতিক অবদানের জন্য অথবা রাজনৈতিক কর্মকাণ্ডে সহায়তার অনুরোধ; অথবা (vi) কম্যুনিটি অথবা সিটিওয়াইড কাউন্সিল সদস্য পরিসেবা প্রদান করছে এমন কম্যুনিটি স্কুল ডিস্ট্রিক্টে যেকোন ডিপার্টমেন্ট অভ এডুকেশনের কর্মচারী অথবা অফিসিয়ালের রাজনৈতিক অবদান অথবা রাজনৈতিক কর্মকাণ্ডে সহায়তা প্রদানের অনুরোধের লক্ষ্যে। সদস্য পরিসেবা প্রদান করছে এমন কম্যুনিটি স্কুল ডিস্ট্রিক্টের কোন কম্যুনিটি অথবা সিটিওয়াইড কাউন্সিল সদস্য কর্তৃক নিচের লক্ষ্যনির্ভর কর্মকাণ্ডসমূহের অনুরোধ নিষিদ্ধ।

i. যেকোন ব্যক্তিগত অনুদানের অনুরোধ(সামনাসামনি অথবা ফোনে);

ii. কোন স্কুলে অথবা ডিপার্টমেন্ট অভ এডুকেশনের অন্য কোন স্থানে অর্থসংগ্রহের আবেদন (চিঠিপ্রদান);

iii. এমন কোন অর্থসংগ্রহের আবেদন (চিঠি প্রদান) যা ডিপার্টমেন্ট অভ এডুকেশনের কর্মচারী অথবা অফিসিয়ালকে তার পদবী দ্বারা শনাক্ত করা যায়;

iv. জনসাধারণের কাছে লভ্য এমন কোন ডিপার্টমেন্ট অভ এডুকেশনের তালিকা (সমূহ) ব্যবহার করে অর্থসংগ্রহের অনুরোধ (চিঠিপ্রদান)।

d. কম্যুনিটি অথবা সিটিওয়াইড কাউন্সিলের মনোনয়নপ্রাপ্ত ব্যক্তিবর্গের জন্য রাজনৈতিক অনুমোদন এবং প্রচারণার অনুদান নিষিদ্ধ।

4. আইনসঙ্গত শিক্ষাবিষয়ক কর্মসূচি এবং কর্মকাণ্ড সম্পর্কিত ইলেকশন বিষয়ে স্কুল কর্মীদের তথ্য আলোচনা বা প্রচার এই প্রবিধানের বর্হিভূত নয়।

II. আফটার স্কুল ব্যবহার

স্কুল সময়ের বাইরে স্কুল বিল্ডিংয়ের ব্যবহার স্টেট এডুকেশন আইন দ্বারা নিয়ন্ত্রিত ডিপার্টমেন্ট অভ এডুকেশনের স্ট্যান্ডার্ড অপারেটিং প্রোসিডিওর ম্যানুয়েলে সেকশন 414 এবং তার বাস্তবায়ন প্রক্রিয়া বর্ণিত আছে। স্কুল সময়ের বাইরে স্কুল বিল্ডিং ব্যবহারের পারমিটের জন্য সকল আবেদন অবশ্যই নিচে উল্লিখিত প্রক্রিয়া এবং শর্ত অনুযায়ী পরিচালিত হবে:

A. নিচের প্যারাগ্রাফ II.C এবং D-এ যেমন বর্ণিত আছে সেটি ব্যতীত, কোন নির্বাচিত অফিসিয়াল, প্রার্থী, প্রার্থীবৃন্দ, প্রার্থী দল অথবা রাজনৈতিক সংগঠন/কমিটির সুবিধার জন্য অথবা যেকোন ব্যক্তি, গ্রুপ, সংগঠন, কমিটি ইত্যাদির পক্ষে স্কুল/কর্ম দিবসের শেষে যেকোন ডিপার্টমেন্ট অভ এডুকেশনের স্কুল ব্যবহার নিষিদ্ধ।

B. নিচের প্যারাগ্রাফ II.C এবং II.D-এ যেমন বর্ণিত আছে সেটি ব্যতীত, কোন নির্বাচিত অফিসিয়াল, প্রার্থী, প্রার্থীবৃন্দ, প্রার্থী দল অথবা রাজনৈতিক সংগঠন/কমিটির সুবিধার জন্য অথবা যেকোন ব্যক্তি, গ্রুপ, সংগঠন, কমিটি ইত্যাদির পক্ষে স্কুল/কর্ম দিবসের শেষে যেকোন ডিপার্টমেন্ট অভ এডুকেশনের স্কুলে কোন র‍্যালি, সভা, কর্মসূচি ইত্যাদি করা যাবে না।

C. সকল প্রার্থীকে যদি অংশগ্রহণে আমন্ত্রণ জানানো হয় তাহলে প্রার্থীদের সভা অনুমোদিত।

D. প্রার্থী সভার জন্য আবেদনের পারমিটে অবশ্যই উল্লিখিত থাকবে যে অংশগ্রহণের জন্য সকল প্রার্থীকে আমন্ত্রণ জানানো হয়েছে।

E. নির্বাচিত অফিসিয়ালের পাবলিক ডিউটি এবং দায়িত্বের সাথে সরাসরি সম্পৃক্ততা ব্যতীত, পাবলিক অফিসের কোন প্রার্থী, এর অন্তর্ভুক্ত নির্বাচিত অফিসিয়াল যিনি পুনর্নির্বাচন চাইছেন তিনিও, স্কুল দিবসের শেষে প্রাইমারি এবং/অথবা ইলেকশনের ৬০ ক্যালেন্ডার দিবসের আগে ডিপার্টমেন্ট অভ এডুকেশনের স্কুল বিল্ডিং ব্যবহার করতে পারবে না।

III. মেনেচলা

A. কোন অফিসার অথবা কর্মী যে এই প্রবিধানের শর্ত লঙ্ঘন করবে তাকে শাস্তিমূলক ব্যবস্থার সম্মুখীন হতে হবে।

B. কোন অফিসার অথবা কর্মী অন্য কোন অফিসার, কর্মী, পিতামাতা, শিক্ষার্থী অথবা অন্য কোন ব্যক্তি যে কোন অন্যায় সম্পর্কে রিপোর্ট করেছে তার বিরুদ্ধে প্রতিশোধমূলক কিছু করতে পারবে না।

C. নিচে উল্লিখিত উভয় অফিসে এসবের লঙ্ঘন রিপোর্ট করতে হবে:

Special Commissioner of Investigation
25 Broadway, 8th Floor
New York, NY 10004

212-510-1500

Office of Legal Services
52 Chambers Street – Room 308
New York, NY 10007
212-374-6888

IV. __তদন্ত__

এই প্রবিধান সম্পর্কে সকল অনুসন্ধান নিচের ঠিকানায় প্রেরণ করতে হবে:

ফোন::	*Office of Legal Services*	ফ্যাক্স:
212-374-6888	NYC Department of Education 52 Chambers Street – Room 308 New York, NY 10007	212-374-5596